চুয়াডাঙ্গায় হত্যা মামলার প্রধান আসামির ফাঁসির দাবিতে মানববন্ধন

চুয়াডাঙ্গা পৌর এলাকার সুমিরদিয়া গ্রামে স্ত্রী নয়ন তারাকে রড দিয়ে হত্যা ও কন্যা শিশুকে আহত করার প্রতিবাদে তার স্বামী আনোয়ার ও অভিযুক্ত ব্যাক্তিদের গ্রেফতার ও ফাঁসির দাবিতে মানববন্ধন করেছে পিরোজপুর এলাকাবাসী।

আজ মঙ্গলবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা সদর থানার সামনে মানববন্ধন করে পিরোজপুর এলাকাবাসী ও স্বজনেরা।

উল্লেখ যে গত ২৮শে সেপ্টেম্বর রাত সাড়ে আটটার সময় চুয়াডাঙ্গা পৌর এলাকার সুমিরদিয়া গ্রামে স্ত্রী সাদিয়া সুলতানা ওরফে নয়নতারাকে(৩৫) লোহার রড দিয়ে হত্যা মামলা দায়ের করা হয়।মামলায় স্বামী আনোয়ার হোসেন সহ তার ভাই ভাবিকে আসামি করা হয়।

গত মঙ্গলবার চুয়াডাঙ্গা সদর থানায় মামলাটি দায়ের করেন নিহতের মা মাছুরা খাতুন। তবে এই মামলার প্রধান আসামি স্বামী আনোয়ার হোসেন কে এখনো গ্রেফতার করতে পারেনি পুলিশ। জানা গেছে দীর্ঘদিন ধরে পরকীয়া সম্পর্কে সন্দেহ স্বামী-স্ত্রী দাম্পত্য কহল চলে আসছিলো। এরই জের ধরে সোমবার রাত আটটার সময় তাদের ভিতরে কথাকাটির এক প্রেক্ষিতে লোহার রড দিয়ে স্বামী আনোয়ার হোসেন তার স্ত্রী নয়ন তারাকে লোহার রড দিয়ে ক্ষত বিক্ষত করে এতে ঘটনাস্থলে মারা যান স্ত্রী নয়ন তারা। মাকে ঠেকাতে গিয়ে মাথায় রডের আঘাত পেয়ে গুরুতর আহত হন মেয়ে জান্নাতুল ফেরদৌস টুনি। আনোয়ার-নয়নতার দম্পত্তির এক ছেলে এক মেয়ে।

এ সময় মানববন্ধন কারী পিরোজপুর এলাকাবাসী ও স্বজনেরা নয়নতারার খুনি স্বামী আনোয়ারের দ্রুত গ্রেফতার ও ফাঁসির দাবি জানান।

দামুড়হুদায় গ্রাম ডাক্তার (কল্যাণ) সমিতির আলোচনা সভা ও কমিটি গঠন

বাংলাদেশ গ্রাম ডাক্তার (কল্যাণ) সমিতির দামুড়হুদা থানা শাখা’র আলোচনা সভা ও কমিটি গঠন করা হয়েছে।আজ মঙ্গলবার বেলা ১২টায় দামুড়হুদায় অন্তর মেডিকেলের হলরুমে এ আলোচনা সভা ও কমিটি গঠন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ গ্রাম ডাক্তার (কল্যাণ) সমিতির দামুড়হুদা শাখার আয়োজনে গ্রাম ডাক্তার কল্যাণ সমিতির চুয়াডাঙ্গা জেলা সহ-সভাপতি গ্রাম ডা. মোঃ হায়দার আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা জেলার সহকারি পরিচালক ঔষধ প্রশাসন মোঃ কে, এম, মুহসীনিন মাহবুব। বিশেষ অতিথি ছিলেন জেলা গ্রাম ডাক্তার কল্যাণ সমিতি আহবায়ক গ্রাম ডা. মোঃ নজরুল ইসলাম, জেলা গ্রাম ডাক্তার কল্যাণ সমিতির সদস্য সচিব গ্রাম ডা.মোঃ আজমল হক জেলা গ্রাম ডাক্তার কল্যাণ সমিতির সিনিয়র সহ সভাপতি গ্রাম ডা. মোঃ আব্দুল ওহাব।

আলোচনা সভা শেষে বাংলাদেশ গ্রাম ডাক্তার (কল্যাণ) সমিতির দামুড়হুদা থানা শাখার ৫১সদস্য পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়। সভাপতি মোঃ মনিরুল ইসলাম, সহ-সভাপতি রেজাউল হক, সহ-সভাপতি আ: মমিন, সহ-সভাপতি মুসা করিম, সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম,যুগ্ন সম্পাদক মতিরুল ইসলাম, যুগ্ন সম্পাদক হামিদুর রহমান, যুগ্ন সম্পাদক আক্তারুল রহমান,গাংঠনিক সম্পাদক মামুনুর রশিদ, কোষাধক্ষ্য সাইদুর রহমান, সমাজ কল্যাণ সম্পাদক জহিরুল ইসলাম, দপ্তর সম্পাদক হোসাইন, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক আল মামুন পলাশ, প্রচার সম্পাদক সাইদুর রহমান, মহিলা বিষয়ক সম্পাদক মেরিনা পারভিন শম্পাসহ বাংলাদেশ গ্রাম ডাক্তার (কল্যাণ) সমিতির দামুড়হুদা থানা শাখা’র সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন বাংলাদেশ গ্রাম ডাক্তার কল্যাণ সমিতির দামুড়হুদা শাখার সাংগঠনিক সম্পাদক মামুনুর রশিদ।

[redacted]

[redacted]

মালা কপির বিজ রোপণ করে ক্ষতিগ্রস্ত কৃষকরা

দামুড়হুদার জয়রামপুর গ্রামের ২০জন কৃষক এআর মালিক সীডস কোম্পানির কিরণ মালা কপির বীজ কিনে চারা রোপন করে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

গতকাল রবিবার দুপুরে ভুক্তভোগী ওই ২০জন কৃষক তাদের ক্ষতিপূরণ দাবী করে ওই বীজ কোম্পানির বিরুদ্ধে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ করেছেন।

লিখিত অভিযোগ সূত্রে জানাগেছে, চলতি মৌসুমে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর গ্রামের বারুইপাড়া, মল্লিকপাড়া, ক্যাম্পপাড়ার ২০জন কৃষক এআর মালিক সীডস কোম্পানীর কিরণ মালা নামক ফুলকপির বীজ কিনে চারা রোপন করে। বর্তমানে ওই ফুলকপির গাছের বয়স ৭০-৭৫ দিন। গাছে ফুল এলেও তা আকারে খুবই ছোট ও ওজনে হালকা। এছাড়াও গাছের পাতা ঝরে যাচ্ছে। যার ফলে ভুক্তভোগী ওই কৃষকদের বিঘা প্রতি ৩০ থেকে ৩৫ হাজার টাকার লোকসান গুনতে হচ্ছে। তারা মনে করছেন নিুমানের বীজের জন্যই তাদের এই ক্ষতিগ্রস্ত হবার মূল কারণ। তাই তারা তাদের ক্ষতিপূরণ চেয়ে সীডস কোম্পানির বিরুদ্ধে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ করে।



দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস বলেন, ভুক্তভোগী কৃষকদের অভিযোগ পেয়ে ঘটনাস্থলে উপসহকারী কৃষি কর্মকর্তা কে পাঠানো হয়েছে। সেখানেই অভিযোগের প্রাথমিক সত্যতা মিলেছে। পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা বলেন, এআর

মালিক সীড কোম্পানির কপির বীজ কিনে চারা রোপন করে ক্ষতিগ্রস্ত হওয়ায় ভুক্তভোগী ২০জন কৃষক একটি লিখিত অভিযোগ করেছে। অভিযোগটি তদন্তের জন্য উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

চুয়াডাঙ্গার তিতুদহে শত্রুতা করে কৃষকদের জমির ফসল নষ্ট

চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহের উজিরপোতা মাঠে শত্রুতামূলক জমির ফসল নষ্ট করে কেটে দিয়েছে দূর্বত্তরা।

গতকাল রবিবার দিবাগত রাতে শত্রুরা শত্রুতা মূলক ভাবে মাঠের আবাদি ফসল ঝাল, বেগুণ, উস্তে ও লাউয়ের বান কেটে নষ্ট করে দিয়েছে দূর্বৃত্তরা। এতে করে মাঠের চাষিরা আবাদি ফসল নিয়ে দুঃচিন্তায় রয়েছে।

অভিযোগে জানা যায়, চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন তিতুদহ ইউনিয়নের গোলাপনগর পুলপাড়ার
আমিরুল ইসলামের ছেলে উজ্জল হোসেন একই গ্রামের মৃত হামাত আলীর ছেলে টুকু মাষ্টারের ১০ কাঁঠা জমি বার্ষিক লীজ নিয়ে মরিচ (ঝাল) আবাদ করে ও একই ইউনিয়নের বড় সলুয়া গ্রামের জয়নাল মোল্লার ছেলে মাছুমের ১২ কাঁঠা জমি বছর লীজ নিয়ে বেগুণ, উস্তের আবাদ করে।

এ আবাদকৃত জমির আবাদি ফসল মরিচ (ঝাল), বেগুণ ও উস্তে গাছ কেঁটে, উপরে নষ্ট করে দেয় অজ্ঞাত দূর্বৃত্তরা। এছাড়া একই গ্রামের মিয়া পাড়ার রফিক উদ্দিনের ছেলে নাসির উদ্দিন একই পাড়ার ছানোয়ার মাষ্টারের ১ বিষা জমি লীজ নিয়ে লাউ বাগান করে।

এ বাগানের বানের সুতার নেট কেটে দেওয়া হয়। এতে করে চাষিদের মাঠের আবাদি ফসল নস্ট হওয়ায় লক্ষাধিক টাকার ক্ষিতি সাধিত হয়েছে। ফলে মাঠের আবাদি ফসল নষ্ট, কেটে ফেলে ক্ষতিসাধিত করায় চাষিদের মধ্যে আতঙ্কের সৃস্টি হয়েছে। যার ফলে একদিকে যেমন মাঠের ফসল হচ্ছে অপর দিকে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে চাষিরা। তাই বিষয়টি

আইনশৃঙ্খলা বাহিনী সু-নজর দিয়ে চাষিদের মাঠের আবাদি ফসল নষ্টের হাত থেকে রক্ষা করবে বলে সচেতন মহল মনে করছে।

চুয়াডাঙ্গায় আফরোজা পারভীন পথসভা ও গণসংযোগ

উন্নয়নের ধারা অব্যাহত রাখার জন্য আবারো নৌকা মার্কায় ভোট চাইলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশী আফরোজা পারভীন।

আজ সোমবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা আলমডাঙ্গা পৌরসভার ৪নং ওয়ার্ডে নির্বাচনী উঠান বৈঠক ও গণসংযোগ করে এই কথা বলেন তিনি।

এ সময় তিনি আরও বলেন শেখ হাসিনা সরকার উন্নয়নের সরকার। জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রেখে যাওয়া সোনার বাংলাদেশ বাস্তবায়নে কাজ করে যাচ্ছে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশের গ্রাম থেকে শহর সকল পর্যায়ে উন্নয়ন হচ্ছে। এই উন্নয়নের ধারা যদি অব্যাহত রাখতে হয় তাহলে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আবারো শেখ হাসিনা ও নৌকার বিজয় সুনিশ্চিত করতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন ,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ, মাহফুজ, আকাশ,কুতুব, রিপন,শাওন,

সিফাত,জিরান,সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গায় বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহের উদ্বোধন

শিশুর জন্য বিনিয়োগ করি ভবিষ্যতের বিশ্ব গড়ি প্রতিপাদ্য নিয়ে চুয়াডাঙ্গায় বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহের উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার সকাল সাড়ে দশটার সময় বাংলাদেশ শিশু একাডেমি চুয়াডাঙ্গা জেলার আয়োজনে জেলা প্রশাসকের কার্যালয় হতে বর্ণাঢ্য র্যালি বাহির হয়ে চুয়াডাঙ্গার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে আবারো চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়।

বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ-২০২৩ এর শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। র্যালি পরবর্তী আলোচনা সভায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক বলেন, আজকের শিশু আগামী দিনের ভবিষ্যতে। এই ভবিষ্যত প্রজন্ম নেতৃত্ব গড়ে উঠবে আগামী দিনের সুন্দর বাংলাদেশ। শিশু সুরক্ষা ও শিশুদের মেধা বিকাশে ইতিমধ্যে সরকারের পক্ষ থেকে বিভিন্ন ধরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শিশুদের সুরক্ষা জন্য বাংলাদেশ আইন ব্যবস্থা চালু আছে।কোথাও কোন শিশু কোন প্রকার নির্যাতন বা নিপিড়নের শিকার না হয় সেদিকে আমাদের লক্ষ রাখতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজা, চুয়াডাঙ্গা জেলা শিশু একাডেমির শিশু বিষয়ক কর্মকর্তা আফসানা ফেরদৌসি, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সহকারী কমিশনার শহিদুল আলম সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার(ডিবি) অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ নেতৃত্ব সোমবার বিকাল সাড়ে পাঁচটার সময় এসআই(নিঃ) সুমন্ত বিশ্বাস সঙ্গীয় অফিসার এসআই(নিঃ)মুহিদ হাসান, এএসআই(নিঃ) বিজন কুমার ভট্টাচার্য, এএসআই(নিঃ) মোঃ আবেদুর রহমান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে দর্শনা থানাধীন হঠাৎপাড়া (আনোয়ারপুর) গ্রামস্থ মোঃ আমিনুল ইসলাম, পিতা-মৃত সোনা মিয়ার মুরগির ফার্মের সামনে রেললাইনের উপর হতে চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা এলাকায় হতে আসামি আব্দুল হাদি ওরফে হাদি (৩১), পিতা-আব্দুল মান্নান, সাং-ঝাঁঝাডাঙ্গা (বেলেমাঠপাড়া) গ্রেফতার পূর্বক তার হেফাজত হতে অবৈধ মাদকদ্রব্য ১০০০ (এক হাজার) পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার পূর্বক জব্দ করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দামুড়হুদায় কন্যা হত্যার আসামি পিতা আটক

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা গ্রামে কন্যা হত্যার পাষণ্ড পিতা আজিজুল হক ভারতে পালিয়ে যাওয়ার সময় বিজিবির হাতে আটক হয়েছে ।

আজ সোমবার কার্পাসডাঙ্গার চাকুলিয়া সীমান্ত থেকে সকাল ৮টার সময় ৮৭এর ৩ আর থেকে বিজিবির ল্যান্স নায়েক মোঃ শাহিন আলমের নেতৃত্বে আটক করে বিজিবি সদস্যরা। পরে কার্পাসডাঙ্গা ফাঁড়ি পুলিশের কাছে হস্থানন্তর করে ঠাকুরপুর বিওপি ক্যাম্পের কমান্ডার নায়েক সুবেদার কাজি আজাদ।

উল্লেখ্য দামুড়হুদার কার্পাসডাঙ্গায় ঘুমন্ত মেয়ে মর্জিনা খাতুনকে কুপিয়ে হত্যা করে বাবা আজিজুল হক। শনিবার রাত দেড়টার দিকে উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা গ্রামে এ ঘটনা ঘটে।

নিহতের বোনের ছেলে হোসেইন বলেন, সন্ধ্যায় সমিতি থেকে নেয়া ঋণের

কিস্তির টাকা দেওয়া নিয়ে বাবা আজিবার মণ্ডলের সঙ্গে মর্জিনা খাতুনের বাগবিতণ্ডা হয়। এরই জেরে রাত দেড়টার দিকে ঘুমন্ত অবস্থায় মেয়েকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করেন আজিজুল হক। একপর্যায়ে বাড়ির একটি গর্তে ফেলে রাখেন। এ সময় মর্জিনার চিৎকারে তার মেয়ে রোকসানা ছুটে এলে তাকেও এলোপাতাড়ি কুপিয়ে জখম করেন আজিজুল। পরে দুজনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে মর্জিনাকে মৃত ঘোষণা করেন চিকিৎসক।

জরুরি বিভাগের চিকিৎসক মুস্তাফিজুর রহমান বলেন, মর্জিনা খাতুনকে হাসপাতালে মৃত অবস্থায় নিয়ে আসা হয়েছিল। তার শরীরের বিভিন্ন স্থানে ধারালো অস্ত্রের আঘাত রয়েছে। রোকসানার দুই হাত জখম হয়েছে।

বিষয়টি নিশ্চিত করেছেন কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ (এসআই) ইমরান। তিনি বলেন, ঘটনার পরেই পালিয়েছেন অভিযুক্ত আজিজুল হক। তাকে আটকের চেষ্টা চলছে।